দর্শনায় বিজিবির মাদক বিরোধী অভিযানে ফেনসিডিলসহ রুবেল আটক! পৌর কাউন্সিলর আশু গ্যাড়াকলে! অবশেষে মুক্ত

দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়েছে বিজিবি। এ অভিযানে ৩২ বোতল ফেনসিডিল সহ আটক করা হয় মাদক ব্যাবসায়ী রুবেল মিয়াকে। বিজিবির উপস্থিতি টেরপেয়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় সিরাজুল ইসলাম নামে. এক মাদক ব্যাবসায়ী। এসময় দর্শনা পৌরসভার কাউন্সিলর আশুর উদ্দিন আশু নামের এক কাউন্সিলর পড়ে গ্যাড়াকলে। অবশেষে বিজিবির কবল থেকে হয় মুক্ত। আটককৃত আসামীর বিরুদ্ধে মামলা দায়ের করে দর্শনা থানায় হস্তান্তর করেছে বিজিবি।

বিজিবি’র মামলা সূত্রে জানা যায়, গত বুধবার ভোর রাত পৌনে ৫টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের চুয়াডাঙ্গা জেলারজীবননগর উপজেলার উথলী বিওপি ক্যাম্পের নায়েক সাহেদ আলী সঙ্গীয় ফোর্স নিয়ে টহল দেওয়া কালে জানতে পারে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের বড় মসজিদ পাড়ার মৃত আ. মান্নানের ছেলে রুবেল মিয়ার বাড়ি অবৈধ্য মাদকদ্রব্য ভারতীয় ফেনসিডিল বিক্রির উদ্দ্যেশে তার নিজ বসত বাড়িতে অবস্থান করছে। এমন তথ্যের ভিত্তিতে মাদক ব্যাবসায়ীর বাড়িতে অবস্থান করলে বিজিবির উপস্থিতি টেরপেয়ে পালানোর চেষ্টা চালায় মাদক ব্যাবসায়ীরা। এসময় মাদক ব্যবসায়ী রুবেল মিয়াকে আটক করতে সক্ষম হলেও বিজিবির কবল থেকে পালিয়ে যায় দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন সীমান্তবর্তী পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা গ্রামের সিরাজুল ইসলাম নামের এক মাদক ব্যাবসায়ী।

এরপর আটককৃত মাদক ব্যাবসায়ীর স্বীকারোক্তিতে বাড়ির পার্শ্ববর্তী আশরাফ উদ্দিনের বাঁশ বাগানের ভিকর হতে একটি সাদা প্লাষ্টিকের বাজার করা ব্যাগের মধ্য হতে ৩২ বোতল ফেনসিডিল আসামী নিজ হাতে বাহির করিয়া দেয়। এবিষয়ে বিজিবি রুবেলকে আটক ও সিরাজুল ইসলামকে পালাতক আসামী করে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে।

স্থানীয় সূত্র জানা যায়, গত বুধবার ভোর পৌনে ৫ টার দিকে ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার উথলী বিওপি ক্যাম্পের নায়েক সাহেদ আলী সঙ্গীয় সদস্য নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন পৌর এলকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আ. মান্নানের ছেলে রুবেল মিয়ার বসত বাড়িতে।

এসময় বিজিবির উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করলে রুবেল মিয়াকে আটক করতে সক্ষম হলেও সাথে থাকা অপর এক মাদক ব্যাবসায়ী পালিয়ে যায়। এরপর রুবেল মিয়াকে সাথে নিয়ে মাদক উদ্ধারে অভিযান চালায় বিজিবি। এঘটনার খবর পেয়ে ঘটনা স্থলে পৌছায় দর্শনা পৌর সভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর আশুর উদ্দিন।

এরপর মাদক উদ্ধার করে দেওয়ার কথা বলে বিজিবির হেফাজত থেকে রুবেল মিয়াকে নেয় কাউন্সিলর আশুর উদ্দিন আশুর হাতে। এসময় আশুর উদ্দিনের কবল থেকে পালিয়ে যায় মাদক ব্যাবসায়ী রুবেল। যার ফলে আশুর উদ্দিনকে বিজিবি হেফাজতে বিওপি ক্যাম্পে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে বেলা ১১ টার দিকে দর্শনা পৌর মেয়র সহ কাউন্সিলরেরা রুবেলকে সাথে নিয়ে যায় বিওপি ক্যাম্প বিজিবির নিকট হাজির করে পৌর কাউন্সিলর আশুর উদ্দিনকে মুক্ত করে নিয়ে আসা হয়।

এদিকে আশুকে নিয়ে গ্রাম জুড়ে নানামূখি গুঞ্জণ শুরু হয়েছে। সে কাউন্সিলর হওয়ার পর থেকে মাদক ব্যবসায়ীদের সাথে সক্ষতা রেখে চলেছে। প্রশাসনের লোকজন গ্রামের কোন ব্যাক্তিকে কোথাও মাদক সহ আটক হলেই তাকে ছাড়াতে ছুটে যান সেখানে। এরপর শুরু করে আসামী ছাড়াতে প্রশাসনের সাথে দেন-দরবার।তার সহযোগীতার কারণে মাদক ব্যাবসায়ীরা সাহস যোগীয়ে মাদক ব্যাবসায় জোড়ালো ভূমিকা রেখেছে। এছাড়া তার বিরুদ্ধে মাদক ব্যাবসায়ীদের মামলা থেকে অব্যাহতি দিতেও প্রশাসনের সাথে সখ্যতা গড়ে মাদক ব্যাবসায়ীদের সাফাই গাইতে থাকে বলে অভিযোগ উঠেছে।

দর্শনায় চুরি যওয়া ১৫৮ বস্তা গম উদ্ধার! ৮ জনের বিরুদ্ধে মামলা! আটক-১

দর্শনার বিশিষ্ট সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুলের গমের চালান আসে ভারত থেকে। গত মঙ্গলবার দর্শনা আন্তর্জাতিক রেল ইয়ার্ড থেকে মালগাড়ির ওয়াগন থেকে আনলোড করে ট্রাকে তোলার সময় একটি সংঘবদ্ধ চোর চক্র ১৫৮ বস্তা গম চুরি করে নিয়ে পালিয়ে যায়।যার আনুমানিক গমেন মূল্য প্রায় ২ লক্ষ টাকা।

সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুল খোজাখুজি করে কোন উপায় না পেয়ে দর্শনা থানায় অভিযোগ করলে গম উদ্ধারে মাঠে নামে পুলিশ। দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্বে এসআই আঃ রহমান খান, এসআই আহম্মেদ আলী এএস আই ইদ্রিস আলী গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা পরানপুর গ্রামে অভিযান চালান।

এসময় পুলিশ দর্শনা পরানপুরের মোশারফ হোসেনের ছেলে রাকিবুল ইসলাম রাকিবের গোডাউনে অভিযান চালিয়ে রাকিবের গোডাউন থেকে চুরি হওয়া ১৫৮ বস্তা গম উদ্ধার করে।

এ ঘটনায় গোডাউনের মালিক রাকিবকে গ্রেফতার করে। এ ঘটনায় সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুল ইসলাম বাদি হয়ে চোর চক্রের মৃল হোতা রাকিব, খালেকের ছেলে ঘটু ওরফে সোহাগ, নজরুল ইসলামের ছেলে মৃলকো, পর্বতের ছেলে মহন খালেকের ছেলে সেন্টু, মেজেবাবুর ছেলে ইউনুছ, কালু, আব্বাস আলীর ছেলে সহ ৮ জনের নাম উল্লেখ করে ৫/৬ জন অজ্ঞাত করে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

ঝিনাইদহে আপত্তিকর অবস্থায় দুজন লাইকি-টিকটক মডেল আটক

ঝিনাইদহে আপত্তিকর অবস্থায় ধরা পড়েছে এক অপ্রাপ্ত বয়স্ক টিকটক নারী ও পরুষ মডেল। গত বুধবার রাতে ঝিনাইদহ শহরের মহিলা কলেজ পাড়া থেকে তাদের আটক করা হয়।

আটককৃত টিকটক ও লাইকি মডেল তুলি শহরের পবহাটি গ্রামের তোফাজ্জেল হোসেনের ও মডেল আশিকুর রহমান আদর্শ পাড়ার তৌফিকুর রহমান ছেলে। আশিকুরের বাড়িতে স্ত্রী রয়েছে। অন্যদিকে তুলি লাইকি টিকটকে মডেলিংয়ের ভিডিও শেয়ারিং করে বলে পুলিশ জানিয়েছে।

ঝিনাইদহ সদর থানার উপ পরিদর্শক রফিকুল ইসলাম জানান, গোপন সুত্রে খবর পেয়ে পুলিশ মহিলা কলেজপাড়ার একটি বাসায় অভিযান চালায়। এ সময় আপত্তিকর অবস্থায় তাদের পাওয়া যায়।

বৃহস্পতিবার ব্যভিচার ও অনৈতিক কর্মকান্ডের অভিযোগে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হলে তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এদিকে বুধবার রাতেই পুলিশ তুলিকে জিজ্ঞাসাবাদ করছে এমন একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়ে। টিকটক-লাইকি মডেল তুলি সম্পর্কে নেটিজেনরা ফেসবুকে বিরুপ মন্তব্য করতে থাকে। অনেকেই অভিযোগ করেছেন, মডেল তুলির চলাফেরা ও জীবনযাত্রা বেপরোয়া ও আপত্তিকর। তাদের সঙ্গে ঝিনাইদহে আর কোন চক্র আছে কিনা তা তদন্ত করার অনুরোধ করেছেন নেটিজেনরা।

ঝিনাইদহে মানবপাচারকারী চক্রের অন্যতম সদস্য খালেদ গ্রেফতার

ঝিনাইদহে খালেদ (৩৬) নামে মানব পাচারকারী চক্রের এক সদস্যকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। গত বুধবার বিকেলে সদর উপজেলার রাউতাইল এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।সে সদর উপজেলার রামনগর

গ্রামের আব্দুস সাত্তারের ছেলে।

বাদি ও মামলার বিবরণে জানা যায়,ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া গ্রামের প্রবাসী শাহিনুর রহমানের স্ত্রী তৃষ্ণা বেগমকে তার পরিবারের কাউকে না জানিয়ে চলতি বছরের পহেলা জানুয়ারি বিদেশে কাজের কথা বলে দুবাই পাঠায় মানব পাচারকারী এক চক্র।দুবাই প্রবেশের পর থেকে তৃষ্ণা বেগমের কোন সন্ধান পাওয়া যায়নি।পরে বিষয়টা জানাজানি হয়।

এ ঘটনায় তৃষ্ণা বেগমের কন্যা শ্যামলী খাতুন বাদি হয়ে নাসির উদ্দিন (৪৮) ও পটল (৪৫) এর নাম উল্লেখ করে ১লা ফেব্রুয়ারি মানব পাচার পিটিশন ৩/২১ এ ঝিনাইদহ জেলা ও দায়রা জজ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে একটি মামলা দায়ের করেন।পরে বিজ্ঞ আদালত ঝিনাইদহ থানার অফিসার ইনচার্জকে এজাহার হিসেবে গণ্য করে প্রতিবেদন দেওয়ার নির্দেশ দেন। ৬ এপ্রিল সদর থানায় মামলাটি রুজু হয়। যার নং ১৬।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান,এ ঘটনায় থানা পুলিশ তদন্ত করে নাসির উদ্দিনের স্বীকারোক্তি মোতাবেক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে খালেদকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য, মামলাটি রুজু হওয়ার পর এজাহার নামীয় আসামী নাসির উদ্দিন (৪৮) কে ইতিপূর্বে গ্রেফতার করা হয়েছে। সে সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ধুপাবিলা দক্ষিণপাড়া গ্রামের মৃত কলিম উদ্দিনের ছেলে।

আলমডাঙ্গায় ছাগলে ঘাস খাওয়ায় বৃদ্ধকে মারপিটের অভিযোগ

আলমডাঙ্গার এনায়েতপুর গ্রামে ছাগলে ঘাস খাওয়াকে কেন্দ্র করে বৃদ্ধকে মারপিট করা অভিযোগ উঠেছে। গত মঙ্গলবার বিকেলে উপজেলার বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর মাঠের মধ্যে এ ঘটনাটি ঘটে।

মারপিটের ঘটনায় বৃদ্ধ নবিছদ্দিন গুরুত্বর আহত অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে পাঠায়। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর গ্রামের সিদ্দিকের ছেলে সাহাবুল (৩৮) সে জলিপিলি মাঠে ঘাসের চাষ করে।

ওই মাঠে বৃদ্ধ নবিছদ্দিন ছাগল রাখতে যায়। তার ছাগল গুলো ঘাসের ক্ষেতে ঢুকে ঘাস খাওয়ায় বৃদ্ধ নবিছদ্দিনকে বিভিন্ন ভাষায় গালিগালাজ করে। এ সময় নবিছদ্দিন তার ছাগলে ঘাস খাওয়ায় সাহাবুলের নিকট ক্ষমাও চায়।

তারপরও সাহাবুল ক্ষিপ্ত হয়ে বাঁশ দিয়ে বৃদ্ধ নবিছদ্দিনকে বেধড়ক মারপিট করে। এতে সে গুরুত্বর আহত হয়। দ্রুত স্থানীয়রা উদ্ধার করে হারদি স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করে। মারপিটের ঘটনায় বৃদ্ধার একটি পা ভেঙে যায়।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

গাংনীর কাথুলীতে দিনে দুপুরে দোকান লুট

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের কাথুলী মোড়ের তিথী ষ্টোরে দিনে দুপুরে দোকান লুট হয়েছে। বুধবার দুপুরে এ ঘটনা ঘটে।

এ বিষয়ে তিথী ষ্টোরের স্বত্বাধিকারী নজরুল ইসলাম জানান আজ ১২.৩০ মিনিটের সময় আমি দোকান বন্ধ করে বাসায় খেতে যায় পরে ২.৩০ মিনিটের সময় দোকান খুলে দেখি দোকানের পেছনের অংশের উপরের টিন কেটে দোকানের ভিতরে প্রবেশ করে নগদ ৯০ হাজার টাকা, ৩৫ হাজার টাকার রিচার্জ কার্ড বিকাশ কাজে ব্যাবহৃত দুইটা মোবাইল যেখানে বিকাশের টাকাও ছিল, ও বিভিন্ন রকম উন্নতমানের রাসায়নিক বিষ ও বীজ নিয়ে যান।এতে আমার দুই লক্ষ টাকার মত নিয়ে গেছে বলে ধরনা করেন।

দোকান মালিক জানান দিনের বেলায় যদি ব্যাবসা করতে গিয়ে নিরাপত্তা না থাকে তাহলে কি করে ব্যাবসা করবো। ক্ষুদ্র ব্যাবসা থেকেই তো

জীবন ও জীবিকা চলমান তার উপর যদি এমন শুরু হয় তাহলে কোথায় যাবো।আমি এর সুসুষ্ঠ বিচার চাচ্ছি। কাথুলী গ্রামের স্থানীয় ব্যাবসিক নাহিদুজ্জামান জানান দিনে দুপুরে যদি এমন ঘটনা ঘটতে থাকে তাহলে তো ব্যাবসা করাই কঠিন। তবে ঝুকির মধ্য পড়ে গেলাম।

আরো একজন ব্যাবসিক জানান এভাবে চলতে থাকলে পথে বসতে হবে আমাদের কারন ক্ষুদ্র ক্ষুদ্র করে ব্যাবসাটটিকে যখনি প্রসার ঘটানোর চেস্টা তখনি এমন দুর্ঘটনা।তবে প্রশাসনের কাছে সুষ্ঠ বিচার দাবি জানাচ্ছি খুব দ্রুত যেন এর প্রতিকার আমরা পাই। এ বিষয়ে ধলা ক্যাম্পের ইনচার্জ নজরুল ইসলাম জানান এখন পর্যন্ত কোন অভিযোগ দায়ের করা হয় নি তবে অভিযোগ দায়ের করলে আমরা আইনী সর্বচ্চ ব্যাবস্থা গ্রহন করবো।তবে আমরা পরিদর্শনে গেছিলাম দেখেছি টিন কাটা ছিল এবং দোকান মালিক আমাদের জানায় ৯০ হাজার টাকা ৩৫ হাজার টাকার রিচার্জ কার্ড নিয়ে যায় আমরা এখন পর্যন্ত জানতে পারিনি কে বা কারা এই ঘটনার সাথে লিপ্ত।

দর্শনায় বাংলা মদসহ ১ জন গ্রেফতার

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫ লিটার বাংলা মদসহ আশানুল হক (৪২) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। মঙ্গলবার সন্ধা সাড়ে ৭ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি মাহাবব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই মাজহারুল ইসলাম এ এস আই মারুফুল ইসলাম ও এ এস আই ইদ্রিস আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় শ্যামপুর গ্রামে।

এসময় পুলিশ দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মল্লিক পাড়ার নৃর ইসলামের ছেলে আশানুল হক (৪২) কে তার বসত বাড়ির ঘরের ভিতর থেকে ৫ লিটার বাংলামদ সহ তাকে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই মাজহারুল ইসলাম বাদি হয়ে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরণ করে।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরখাস্ত

বিদেশে লোক পাঠানোর নামে টাকা আত্মসাৎ এর মামলায় দুই বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ লাখ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হওয়ায় জীবননগর উপজেলার ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

মঙ্গলবার বিকালে স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব মো. আবু জাফর রিপন স্বাক্ষরিত একটি প্রজ্ঞাপন হাতে পান সীমান্ত ইউনিয়ন পরিষদের সচিব শামীম সরোয়ার। এর আগে গত সোমবার বিকেলে প্রজ্ঞাপনটি সীমান্ত ইউনিয়ন পরিষদে পাঠান জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, গত ২৪ জানুয়ারি চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলায় দোষী সাব্যস্ত হয়ে ২ বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ লাখ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হন সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ওই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা নিতে সুপারিশও করেছেন। দণ্ডপ্রাপ্ত ওই চেয়ারম্যানের দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বলে মনে করে সরকার।

এছাড়া তার দ্বারা সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী তাকে তার স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্ত করা হলো। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর করা হবে। গত ১৭ মে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে প্রজ্ঞাপনটি পাঠায় স্থানীয় সরকার, পল্লী

উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ।

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় তিন ভুয়া পুলিশ আটক

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় বন্দি হয়েছে তিন ভুয়া পুলিশ। সদর উপজেলা হলিধানী ইউনিয়নের সরকারি ভেটেরিনারি কলেজ এলাকায় অভিযান চালিয়ে ঝিনাইদহ গোয়েন্দা (ডিবি) এই তিন ভুয়া পুলিশকে আটক করে।

আটককৃতরা হলেন, মেহেরপুর উপজেলার বাড়াদি ইউনিয়নের বড়শিবাড়িয়া গ্রামের পুরাতন পাড়ার আরিফ হোসেনের ছেলে মোঃ নাজমুল হক (২৬), নুর ইসলামের ছেলে মোঃ লিখন আলী (২২) ও ওয়ালিউর রহমানের ছেলে মোঃ রনি (২৫)।

ঝিনাইদহে ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান রোববার রাত ৮টার দিকে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ এলাকা থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে একটি লোহার তৈরী পিস্তল সাদৃশ্য গ্যাসলাইট, রেক্সিসেনের কভার দ্বারা দিয়ে তৈরী বেল্ট ও পুলিশের স্টিকার লাগানো একটি মটরসাইকেল (চুয়াডাঙ্গা ল- ১১-৯০৩১) উদ্ধার করা হয়। আটকের সময় তারা নিজেদের পুলিশ সদস্য বলে পরিচয় দেয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, আটককৃত তিন ব্যক্তি পুলিশ পরিচয়ে প্রতারণা করার জন্য ঝিনাইদহে আসছিলো। খবর পেয়ে ডিবি পুলিশ তাকের আটক করে। গত সোমবার জিজ্ঞাসাবাদ শেষে তাদের আদালতে সোপর্দ করা হয়।

আলমডাঙ্গায় ইজিবাইক চোর আটক

আলমডাঙ্গায় অভিনব কায়দায় ইজিবাইক চুরি করে পালানোর সময় জনতার হাতে আটক এক চোর কে গণধুলাই শেষে পুলিশে সোপর্দ করা হয়েছে।

ওই চোরের নাম আনারুল ইসলাম (৩৬) । সে উপজেলার চিৎলা গ্রামের মাঝেরপাড়া বদরউদ্দিনের ছেলে। গতকাল রবিবার বিকেলে চুরি যাওয়া ইজিবাইকসহ তাকে স্থানীয় লোকজন ধরে ফেলে।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামের বদরউদ্দিনের ছেলে আনারুল। তার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে আলমসাধুসহ বিভিন্ন গাড়ি চুরির অভিযোগ রয়েছে ।

গত শনিবার গভীর রাতে কয়রাডাঙ্গা গ্রামের রুস্তম আলি বাড়িতে ইজিবাইক রেখে ঘুমাতে যায়। এ সময় চুরির উদ্দেশ্যে চিৎলা মাঝের পাড়ার আনারুল ওত পেতে থেকে ওই গাড়ি চুরি করে।

গতকাল রবিবার বিকেলে ইজিবাইকসহ আনারুলকে স্থানীয়রা আটক করে। পরে গণধোলায় দিয়ে পুলিশের নিকট হস্তান্তর করে। রিপোর্ট লেখা পর্যন্ত তার বিরুদ্ধে চুরি মামলার প্রস্তুতি চলছিলো।